# চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ সহায়িকা

## ৩য় পর্যায় (জুন )২০২৫




# উপজেলা রিসোর্স সেন্টার

## ভালুকা, ময়মনসিংহ।

www.urc.bhaluka.mymensingh.gov.bd

# উপজেলা রিসোর্স সেন্টার

## ভালুকা, ময়মনসিংহ।

www.urc.bhaluka.mymensingh.gov.bd

## চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ সহায়িকা

**রচনা ও পরিমার্জনা**

মোঃ আবদুল বারী, ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভালুকা, ময়মনসিংহ।

**তত্ত্বাবধানে**

মোহাম্মদ শাহজাহান কবীর, সুপারিনটেনডেন্ট, পিটিআই ময়মনসিংহ।

**উপদেষ্টা**

মোঃ ওবায়দুল্লাহ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ।

**সমন্বয়ক**

মোহাম্মদ কামরুজ্জামান, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।

**সহযোগিতায়**

**মাকসুদা আক্তার,** উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ

মোহাম্মদ ইলিয়াস কাঞ্চন, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।

শাহনাজ ফারজানা, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।

জান্নাত আরা, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার, ভালুকা,

**প্রচ্ছদ ও কম্পিউটার কম্পোজ**

আব্দুর রহমান, ডাটা এন্ট্রি অপারেটর, উপজেলা রিসোর্স সেন্টার, ভালুকা, ময়মনসিংহ।

# প্রসঙ্গকথা

জাতির জন্য প্রয়োজন এমন শিক্ষক যিনি পথ প্রদর্শক হিসেবে নিবেদিত হয়ে সমাজ ও জাতির ভবিষ্যত অর্থাৎ বর্তমানে যারা শিশু তাদেরকে সুশিক্ষায় শিক্ষিত করে তুলবেন। শিক্ষকের পেশাগত উন্নয়ন শিখন-শেখানোর কাজকে কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে। আর পেশাগত উন্নয়নে প্রশিক্ষণের কোন বিকল্প নেই।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি বিষয়ের পঠন ও লিখন এবং গণিতের সাধারণ দক্ষতা অর্জন প্রত্যাশিত মানের নয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করে তাঁরা মনে করেন বেইস লাইন সার্ভে এর মাধ্যমে প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে প্রতিটি শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ এবং বিষয়ভিত্তিক কর্মপদ্ধতি ও কর্ম পরিকল্পনা অনুসরণ করে শিখন অবস্থান উন্নয়নে স্তরভিত্তিক পাঠদানের ব্যবস্থা করা আবশ্যক। বিষয়ভিত্তিক যথাযথ মূল্যায়ন টুলস এর মাধ্যমে শিক্ষার্থীর বর্তমান শিখন মান বা অবস্থান নির্ধারণ করে অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে তাদের অবস্থার উন্নয়ন সম্ভব।

প্রাথমিক শিক্ষা অধিপ্তরের পলিসি ও অপারেশন বিভাগ শিক্ষার্থীদের মানোন্নয়নের লক্ষ্যে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের এসেসমেন্ট টুলস প্রণয়ন করেছেন। উক্ত টুলসটি মাঠ পর্যায়ে কার্যকরভাবে ব্যবহার এর জন্য এটিকে ৩য় পর্যায়ের সাব-ক্লাস্টার প্রশিক্ষণে তথ্যপত্র হিসেবে ব্যবহারের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্দেশনা প্রদান করেছেন। প্রেরিত তথ্যপত্র ব্যবহার করে "বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে ১ম - ৫ম শ্রেণির শিক্ষার্থীদের শিখন মান যাচাই সংক্রান্ত টুলস" বিষয়ক সাব-ক্লাস্টার প্রশিক্ষণের ম্যানুয়াল প্রণয়ন করা হচ্ছে।

আশাকরি এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকগণ শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি পঠন ও লিখন দক্ষতা এবং সাধারণ গাণিতিক দক্ষতা অর্জন করাতে সক্ষম হবেন।

খুব স্বল্পসময়ে সহায়িকাটি প্রণয়ন করা হয়েছে বিধায় ভুল ত্রুটি থাকা অস্বাভাবিক নয়। ভুলগুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন বলে আশা করছি। সহায়িকাটি প্রণয়নে যারা আন্তরিক সহযোগিতা করেছেন আমি তাঁদের সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

মোঃ আবদুল বারী
ইনস্ট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
ভালুকা, ময়মনসিংহ।

# চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ সহায়িকা

## বিষয় ঃ বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে ১ম - ৫ম শ্রেণির শিক্ষার্থীর শিখন মান যাচাই সংক্রান্ত টুলস"

## প্রশিক্ষণ সময়সূচি ও অধিবেশন পরিকল্পনা।

| সময় | বিষয় | ব্যাপ্তিকাল |
|---|---|---|
| ০৯.০০ - ০৯.৩০ | পরিচিতি ও নিয়মাবলী | ৩০মিনিট |
| ০৯.৩০ - ১০.৩০ | শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ ও শিখন উন্নীত করণে ডিপিই এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল | ১ঘন্টা |
| ১০.৩০- ১১.০০ | চা বিরতি | ৩০মিনিট |
| ১১.৩০ - ১.০০ | বাংলা বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই টুলস পরিচিতি | ১ ঘন্টা ৩০ মিনিট |
| ০১.০০ - ০২.০০ | মধ্যাহ্ন বিরতি | ১ ঘন্টা |
| ০২.০০ - ০৩.১০ | ইংরেজি বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই টুলস পরিচিতি | ১ ঘন্টা ১০ মিনিট |
| ০৩.১০ - ৩.২৫ | চা বিরতি | ১৫ মিনিট |
| ৩.২৫ - ৪.৩০ | গণিত বিষয়ে শিক্ষার্থীর শিখন মান যাচাই টুলস পরিচিতি | ১ঘন্টা ০৫ মিনিট |
| ৪.৩০ -৫০০ | মুক্ত আলোচনা ও সমাপনী | ৩০ মিনিট |

অধিবেশন-১ সময় ঃ ১ঘন্টা

## শিরোনাম ঃ শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণে ও শিখন উন্নীত করণে ডিপিই এর কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল।

শিখনফল ঃ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১। শিক্ষার্থীদের পাঠগত অবস্থান জানার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।
২। শিক্ষাথীদের পাঠগত অবস্থান জানার কৌশল সম্পর্কে জানতে পারবেন।
৩। শিক্ষার্থীর শিখনমান উন্নীত করণে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল সম্পর্কে জানতে পারবেন।
৪। শিক্ষার্থীর শিখন মান উন্নীত করণে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে গৃহিত কার্যক্রম সম্পর্কে বলতে পারবেন।

কাজ-১ শিক্ষার্থীর শিখন অবস্থান বা পাঠগত অবস্থান জানার প্রয়োজনীয়তা।
সময় ঃ ১০ মিনিট

- শিক্ষার্থীর পাঠগত অবস্থান জানা প্রয়োজন কেন? প্রশ্নটি অংশগ্রহণকারীদের করুন।
- প্রত্যেক অংশগ্রহণকারীকে ২ মি. চিন্তা করে ১টি করে প্রয়োজনীয়তা নোট খাতায় লিখতে বলুন।
- এবার ১ একজন একজন করে সকলের উত্তর বুলেট পয়েন্টে বোর্ডে লিখুন। লেখা শেষ হলে পড়ে শোনান।
- অংশগ্রহণকারীদের মতামতের সাথে যোগ করে বলুন "শিশুর শিখনঘাটতি চিহ্নিত করণে শিক্ষার্থীর পাঠগত অবস্থান জানা প্রয়োজন। শিক্ষার্থীর পাঠগত অবস্থান জেনে শিখনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যায়।"

কাজ-২ঃ শিক্ষার্থীর পাঠগত অবস্থান জানার কৌশল । সময়ঃ ১০ মি.

- কীভাবে শিক্ষার্থীর পাঠগত অবস্থান জানা যায়? অংশগ্রহণকারীদের কাছে জানতে চান।
- কয়েকজনের উত্তর শুনুন।
- তাদের উত্তরের সাথে মিল রেখে বলুন "একমাত্র মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠগত অবস্থান জানা যায়। এজন্য আমরা বিদ্যালয়ে বেইস লাইন মূল্যায়ন করে থাকি।
- এবার বোর্ডে "বেইস লাইন সার্ভে (মূল্যায়ন) কী?" লিখুন এবং অংশগ্রহণকারীদের কাছে এ বিষয় তাঁদের ধারণা প্রকাশ করতে দিন।
- ধারণাগুলো বুলেট পয়েন্টে বোর্ডে লিখুন।
- এবার নিম্নোক্ত তথ্যের আলোকে অংশগ্রহণকারীদের নিকট বেইস লাইন মূল্যায়নের ধারণা স্পষ্ট করুন।

ইংরেজিতে "বেইস" শব্দের অর্থ "ভিত্তি" অর্থাৎ এটি প্রথম। এই প্রথম মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর পাঠগত অবস্থান জেনে তার শিখন স্তর চিহ্নিত করা যায়। শিক্ষার্থীর স্তর বা শিখন চাহিদা জানার পর এর উপর ভিত্তি করে শিখন ঘাটতি দূরীকরণে যথাযথ পরিকল্পনা তৈরী করা যায়।

## কাজ-৩ঃ শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ ও শিখন উন্নীত করণে ডিপিই এর কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল সম্পর্কে জানা। সময় ঃ ৩০ মি.

- অংশগ্রহণকারীগণের উদ্দেশ্যে বলুন - সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি বিষয়ের পঠন ও গণিতের সাধারণ দক্ষতা প্রত্যাশিত মানের নয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করে তাঁরা মনে করেন বেইস লাইন সার্ভে এর মাধ্যমে প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে প্রতিটি শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ এবং বিষয়ভিত্তিক কর্মপদ্ধতি ও কর্ম পরিকল্পনা অনুসরণ করে শিখন অবস্থান উন্নয়নে স্তরভিত্তিক পাঠদানের ব্যবস্থা করা আবশ্যক। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের অবস্থার উন্নয়নে ইতোপূর্বে প্রেরিত এসেসসেন্ট টুলস এর মাধ্যমে কার্যক্রম গ্রহণের নিমিত্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

- এবার তথ্যপত্রে সংযুক্ত পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের গত ২৮ মে ২০২৫খ্রি. তারিখের পত্রটি প্রত্যেক অংশগ্রহণকারীকে সরবরাহ করুন।
- প্রত্যেক অংশগ্রহণকারীকে পত্রটি মনোযোগ সহকারে পড়তে বলুন। এজন্য ১০মিনিট সময় দিন।
- এবার অংশগ্রহণকারীদের মধ্যে ২/১ জনকে জিজ্ঞেস করুন 'শিক্ষার্থীর স্তরভিত্তিক পাঠদানের ব্যবস্থা করা প্রয়োজন কেন?"
- তাদের উত্তর শুনুন ।
- এবার পত্রে উল্লেখিত কর্মপরিকল্পনাটি পাওয়ার পয়েন্টে প্রদর্শন করে বিবরণভিত্তিক সময়সীমা, বাস্তবায়নকারী ও তত্ত্বাবধানকারী সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন।
- প্রশ্নোত্তর ও আলোচনার মাধ্যমে অংশগ্রহণকারীদের ধারণা স্পষ্ট করুন।

## কাজ- ৪ঃ কর্মপরিকল্পনা বাস্তবায়নে গৃহিত কার্যক্রম সম্পর্কে জানা। সময় ঃ ১০ মি.

- কর্মপরিকল্পনা বাস্তবায়নে অংশগ্রহণকারীদের ইতোপূর্বে সরবরাহকৃত পত্রের ০২ ও ০৩ নং অংশে উল্লেখিত কার্যক্রম মনোযোগ সহকারে পড়তে বলুন। এ জন্য ১০ মি. সময় দিন।
- এবার ২/৩ জন অংশগ্রহণকারীর কাছ থেকে এ সম্পর্কিত তাদের মতামত শুনুন।
- প্রশ্নোত্তরের মাধ্যমে ধারণা স্পষ্ট করুন এবং ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

অধিবেশন- ২ সময় ঃ ১ঘন্টা ৩০ মিনিট।

## শিরোনাম ঃ বাংলা বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই টুলস পরিচিতি

শিখনফল ঃ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ

১। শিক্ষার্থীদের মানোন্নয়নের লক্ষ্যে প্রাশিঅ কর্তৃক প্রণীত বাংলা বিষয়ের এসেসমেন্ট টুলস সম্পর্কে জানতে পাববেন।
২। বাংলা বিষয়ে প্রণীত এসেসমেন্ট টুলস ব্যবহার ও রেকর্ড সংরক্ষণের নিয়মাবলী সম্পর্কে বলতে পারবেন।
৩। প্রণীত এসেসমেন্ট টুলস ব্যবহার করে বাংলা বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ ও রেকর্ড সংরক্ষণ করতে পারবেন।

কাজ-১ঃ বাংলা বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ নিয়মাবলী ২০২৫ সম্পর্কে জানা। সময়ঃ ৩০ মিনিট

- সকলকে শুভেচ্ছা জানিয়ে অধিবেশন শুরু করুন।
- অংশগ্রণকারীগণকে ০৫টি দলে ভাগ করুন। ।
- প্রত্যেক দলকে তথ্যপত্র হতে এক সেট বাংলা বিষয়ের শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই করার টুলস সরবরাহ করুন।
- প্রতি দলকে তথ্যপত্রের ১.সাধারণ নির্দেশনা ২. বাংলা পঠন ও লিখন দক্ষতা ৩. কোডিং নির্দেশনা মনোযোগ সহকারে পড়তে বলুন। এজন্য ১৫ মি. সময় দিন।
- ১৫ মি. পর প্রত্যেক দলকে নিম্নোক্ত প্রশ্ন গুলো বোর্ডে লিখুন অথবা পাওয়ার পয়েন্টে প্রদর্শন করুন।
- প্রত্যেক দলকে পোস্টার পেপার ও মার্কার সরবরাহ করুন এবং উত্তরগুলো পোস্টার পেপারে লিখতে বলুন।
  ১) কোন ধরণের শিক্ষার্থী সাবলিল স্তরের অন্তর্ভুক্ত হবে?
  ২) কোন ধরণের শিক্ষার্থী শিক্ষকের আংশিক সহায়তায় পড়তে পারে- স্তরের অন্তর্ভুক্ত হবে?
  ৩) কোন ধরণের শিক্ষার্থী শিক্ষকের পূর্ণ সহায়তায় পড়তে পারে - স্তরের অন্তর্ভুক্ত হবে?
  ৪) বাংলা পঠন ও লিখন দক্ষতার প্রধান উপদানগুলো কী কী?
  ৫) পড়া ও লেখার ক্ষেত্রে শিখন অবস্থান (পড়া ও লেখা) লেখার ক্ষেত্রে কোড ১, ২, ৩, ৪, ০, ৯ দ্বারা কী বুঝায়?

- ১০ মিনিট সময় দিন।
- ১০মি. পর একটি দলকে উপস্থাপন করতে বলুন এবং অন্যান্য দলকে মিলিয়ে নিতে বলুন।
- উপস্থাপন শেষে কোন সংযোজন থাকলে তা বলতে বলুন।

কাজ-২ঃ বাংলা বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই (বেইস লাইন সার্ভে) টুলস পরিচিতি। সময়ঃ ৩০ মি.

- পূর্বের দল ঠিক রাখুন।
- প্রত্যেক দলের সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করে বলুন এবার সরবরাহকৃত টুলস গুলো আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করব।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত টুলসগুলো নিবিড়ভাবে পড়তে বলুন । কোথাও বুঝতে সমস্যা হলে নোট বাখতে বলুন। এ জন্য ৩০ মিনিট সময় দিন।
- ৩০ মি. পর প্রত্যেক দলকে টুলসগুলো বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- সমস্যা থাকলে তা রেকর্ড সংরক্ষণ নিয়মাবলীর আলোকে আলোচনার করে ধারণা স্পষ্ট করুন।

কাজ-৩ঃ বাংলা বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থানের রেকর্ড (ফলাফল ) সংরক্ষণ ছক পরিচিতি। সময় ঃ ৩০ মি.

- পূর্বের দল ঠিক রাখুন।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ইতোপূর্বে সরবরাহকৃত তথ্যপত্র হতে রেকর্ড সংরক্ষণ ছকটি দেখতে বলুন। কোথাও বুঝতে সমস্যা হলে নোট বাখতে বলুন। এ জন্য ৩০ মিনিট সময় দিন।
- ৩০ মি. পর প্রত্যেক দলকে রেকর্ড সংরক্ষণ ছক বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- কোন সমস্যা থাকলে তথ্যপত্রের রেকর্ড সংরক্ষণ নিয়মাবলীর আলোকে আলোচনা করে ধারণা স্পষ্ট করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত ঘোষণা করুন।

অধিবেশন- ৩ সময় ঃ ১ঘন্টা ১০ মিনিট।

## শিরোনাম ঃ ইংরেজি বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই টুলস পরিচিতি।

শিখনফল ঃ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ

১। শিক্ষার্থীদের মানোন্নয়নের লক্ষ্যে প্রাশিঅ কর্তৃক প্রণীত ইংরেজি বিষয়ে এসেসমেন্ট টুলস সম্পর্কে জানতে পাববেন।
২। ইংরেজি বিষয়ে প্রণীত এসেসমেন্ট টুলস ব্যবহার ও রেকর্ড সংরক্ষণের নির্দেশাবলী সম্পর্কে বলতে পারবেন।
৩। প্রণীত এসেসমেন্ট টুলস ব্যবহার করে ইংরেজি বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ ও রেকর্ড সংরক্ষণ করতে পারবেন।

কাজ-১ঃ ইংরেজি বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ নির্দেশনা সম্পর্কে জানা। সময়ঃ ২০ মিনিট

- সকলকে শুভেচ্ছা জানিয়ে অধিবেশন শুরু করুন।

- অংশগ্রণকারীগণকে ০৫টি দলে ভাগ করুন।
- প্রত্যেক দলকে তথ্যপত্র হতে এক সেট ইংরেজি বিষয়ের শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই করার টুলস সরবরাহ করুন।
- প্রতি দলকে  তথ্যপত্রের বেইজ লাইন কার্যক্রম পরিচালনা ও তথ্য সংগ্রহের জন্য নির্দেশনা মনোযোগ সহকারে পড়তে বলুন। এজন্য ১৫ মি. সময় দিন।
- ১৫ মি. পর প্রত্যেক দলকে নির্দেশনাসমূহ বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- অংশগ্রহণকারীদের বুঝতে সমস্যা বা কোন প্রশ্ন থাকলে তথ্যপত্রের নির্দেশনার আলোকে আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করুন।

কাজ-২ঃ  ইংরেজি বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই (বেইস লাইন সার্ভে) টুলস পরিচিতি। সময়ঃ ৩০ মিনিট

- পূর্বের দল ঠিক রাখুন।
- প্রত্যেক দলের সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করে বলুন এবার সরবরাহকৃত টুলস গুলো আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করব।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত টুলসগুলো নিবিড়ভাবে পড়তে বলুন । কোথাও বুঝতে সমস্যা হলে নোট বাখতে বলুন। এ জন্য ৩০ মিনিট সময় দিন।
- ৩০ মি. পর প্রত্যেক দলকে টুলসগুলো বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- সমস্যা থাকলে সেগুলো রেকর্ড সংরক্ষণ নিয়মাবলীর আলোকে আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করুন।

কাজ-৩ঃ ইংরেজি বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই  টুলস ব্যবহার করে প্রাপ্ত রেকর্ড (ফলাফল ) সংরক্ষণ ছক পরিচিতি।  সময়ঃ ২০ মিনিট

- পূর্বের দল ঠিক রাখুন।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ইতোপূর্বে সরবরাহকৃত তথ্যপত্র হতে রেকর্ড সংরক্ষণ ছকটি দেখতে বলুন।। কোথাও বুঝতে সমস্যা হলে নোট বাখতে বলুন। এ জন্য ৩০ মিনিট সময় দিন।
- ২০ মি. পর প্রত্যেক দলকে রেকর্ড সংরক্ষণ ছক বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- কোন সমস্যা থাকলে তথ্যপত্রের রেকর্ড সংরক্ষণ নিয়মাবলীর আলোকে ধারণা স্পষ্ট করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত ঘোষণা করুন।

# শিরোনাম ঃ গনিত বিষয়ে শিক্ষার্থীর শিখন মান যাচাই টুলস পরিচিতি

শিখনফল ঃ এ অধিবেশন শেয়ে অংশগ্রহণকারীগণ

১। শিক্ষার্থীদের মানোন্নয়নের লক্ষ্যে প্রাশিঅ কর্তৃক প্রণীত গণিত বিষয়ের এসেসমেন্ট টুলস সম্পর্কে জানতে পাববেন।
২। গণিত বিষয়ে এসেসমেন্ট টুলস ব্যবহার ও রেকর্ড সংরক্ষণের নির্দেশাবলী সম্পর্কে বলতে পারবেন।
৩। প্রণীত এসেসমেন্ট টুলস ব্যবহার করে গণিত বিষয়ে শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ ও রেকর্ড সংরক্ষণ করতে পারবেন।

কাজ-১ঃ গণিত ডায়াগনস্টিক/ বেইসলাইন মূল্যায়ন নির্দেশিকা পর্যলোচনা।
সময়ঃ ১৫ মিনিট

- সকলকে শুভেচ্ছা জানিয়ে অধিবেশন শুরু করুন।
- অংশগ্রণকারীগণকে ০৫টি দলে ভাগ করুন। ।
- প্রত্যেক দলকে তথ্যপত্র হতে এক সেট গণিত বিষয়ের শিক্ষার্থীর শিখন মান যাচাই করার টুলস সরবরাহ করুন।
- প্রতি দলকে তথ্যপত্রের প্রাথমিক গণিত ডায়াগনস্টিক/বেইসলাইন মূল্যায়ন নির্দেশিকাা মনোযোগ সহকারে পড়তে বলুন। এজন্য ১৫ মি. সময় দিন।
- ১৫ মি. পর প্রত্যেক দলকে নির্দেশনাসমূহ বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- অংশগ্রহণকারীদের বুঝতে সমস্যা বা কোন প্রশ্ন থাকলে তথ্যপত্রের প্রাথমিক গণিত ডায়াগনস্টিক/বেইজ লাইন মূল্যায়ন নির্দেশিকাা আলোকে আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করুন।

কাজ-২ঃ গণিত ডায়াগনস্টিক/ বেইসলাইন মূল্যায়ন টুলস পরিচিতি। সময় ঃ ২৫ মিনিট

- পূর্বের দল ঠিক রাখুন।
- প্রত্যেক দলের সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করে বলুন এবার সরবরাহকৃত টুলস গুলো আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করব।
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত গণিত বিষয়ের টুলস নিবিড়ভাবে পড়তে বলুন । কোথাও বুঝতে সমস্যা হলে নোট বাখতে বলুন। এ জন্য ৩০ মিনিট সময় দিন।
- ৩০ মি. পর প্রত্যেক দলকে টুলসগুলো বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- সমস্যা থাকলে সেগুলো তথ্যপত্রের প্রাথমিক গণিত ডায়াগনস্টিক/বেইজ লাইন মূল্যায়ন নির্দেশিকার আলোকে আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করুন।

কাজ-৩ঃ গণিত বিষয়ে শিক্ষার্থীর শিখন মান যাচাই টুলস ব্যবহার করে প্রাপ্ত মূল্যায়ন ফলাফল সংরক্ষণ ছক পরিচিতি। সময় ঃ ২৫ মিনিট

- পূর্বের দল ঠিক রাখুন।

- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ইতোপূর্বে সরবরাহকৃত তথ্যপত্র হতে ডায়াগনস্টিক/বেইজলাইন মূল্যায়ন ফলাফল সংরক্ষণ ছকটি নিবিড়ভাবে পড়তে বলুন।। কোথাও বুঝতে সমস্যা হলে নোট বাখতে বলুন। এ জন্য ৩০ মিনিট সময় দিন।
- ৩০ মি. পর প্রত্যেক দলকে মূল্যায়ন ফলাফল সংরক্ষণ ছক (শ্রেণিভিত্তিক) বুঝতে কোন সমস্যা আছে কি না জানতে চান।
- কোন সমস্যা থাকলে তথ্যপত্রের প্রাথমিক গণিত ডায়াগনস্টিক/বেইজ লাইন মূল্যায়ন নির্দেশিকার আলোকে আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন সমাপ্ত ত্রর রেকর্ড সংরক্ষণ ঘোষণা করুন।
- 

---

## মুক্ত আলোচনা ও সমাপনী, সময়ঃ ৩০ মি.

সহায়কের করণীয়ঃ

- সবাইকে শুভেচ্ছা জানিয়ে অধিবেশন শুরু করুন।
- পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মহোদয় কর্তৃক প্রেরিত ২৮ মে ২০২৫ তারিখের পত্রের (কর্মপরিকল্পনা) ২ নং ক্রমিকের শিখন অবস্থানের প্রেক্ষিতে শিখন ঘাটতি দূরীকরণে যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ ও ৩নং ক্রমিকের শিখন ঘাটতি দূরীকরণে যথাযথ কার্যক্রম পরিচালনা বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করুন।
- সমাপনীর পর সবাইকে ধন্যবাদ জানিয়ে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্তি ঘোষণা করুন।

## তথ্যসূত্রঃ

১। পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, স্মারক নং ৩৮.০১.০০০০.৮০১.৯৯.০০৭.২৩.৮৭৯, তারিখঃ ২৮ মে ২০২৫ তারিখের পত্র।

২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত শিক্ষার্থীর বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে ১ম–৫ম শ্রেণির শিক্ষার্থীদের শিখন মান যাচাই সংক্রান্ত টুলস।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৮০১.৯৯.০০৭.২৩- ৮৭৯ তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৮ মে ২০২৫

**বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মানোন্নয়নের লক্ষ্যে প্রণীত এসেসমেন্ট টুলস ব্যবহার করে শিখন অবস্থান নির্ধারণ ও শিখন উন্নীতকরণে কর্মপরিকল্পনা বাস্তবায়ন।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৩৮.০০.০০০০.০০০.০০৮.৯৯.০০০২.২০.২৫৯, তারিখ: ১৯ মে ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত টুলস এর মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা, গণিত ও ইংরেজি বিষয়ে প্রতিটি শিক্ষার্থীর শিখন অবস্থান নির্ধারণ এবং বিষয়ভিত্তিক কর্মপদ্ধতি ও কর্মপরিকল্পনা অনুসরণ করে শিখন অবস্থার উন্নয়নে স্তরভিত্তিক পাঠদানের ব্যবস্থা করা আবশ্যক। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের অবস্থার উন্নয়নে প্রস্তুতকৃত এসেসমেন্ট টুলস এর মাধ্যমে কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

| নং | বিবরণ | সময়সীমা | বাস্তবায়নকারী | তত্ত্বাবধানকারী |
|---|---|---|---|---|
| ১ | বিদ্যালয় পর্যায়ে Assessment Tools এর ভিত্তিতে ১০০% শিক্ষার্থীর প্রথম থেকে পঞ্চম শ্রেণির প্রতিটি শিক্ষার্থীর বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের বর্তমান অবস্থান যাচাই (Bese line survey) | ২৪ জুন-১০ আগষ্ট ২০২৫খ্রিস্টাব্দ | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক | ইউইও এবং এইউইও |
| ২ | শিখন অবস্থানের ভিত্তিতে শিখন ঘাটতি দূরীকরণে যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ | ১১-৩০ আগস্ট/২০২৫ | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক | ইউইও এবং এইউইও |
| ৩ | শিখন ঘাটতি দূরীকরণে যথাযথ কার্যক্রম পরিচালনা | ১১-৩০ আগস্ট/২০২৫ | প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক | ইউইও এবং এইউইও |
| ৪ | টুলস ব্যবহার করে ১টি বিদ্যালয়ের ২৫% শিক্ষার্থীদের মান পুন: যাচাই করা | ০১ -৩০ সেপ্টেম্বর ২০২৫ | এইউইও/থানা শিক্ষা অীফসার/সহকারী ইন্সট্রাক্টর/টিআরসি | ডিপিইও |
| ৫ | টুলস ব্যবহার করে ১০% শিক্ষার্থীদের শিখন অগ্রগতি যাচাই করা | ০১-৩০ অক্টোবর ২০২৫ | উপজেলা/থানা শিক্ষা অফিসার ও ইন্সট্রাক্টর ইউআরসি/টিআরসি | ডিডি ও ডিপিইও প্রাথমিক শিক্ষা |
| ৬ | টুলস ব্যবহার করে শিক্ষার্থীদের শিখন অগ্রগতি চূড়ান্ত যাচাই (নমুনা ভিত্তিক) | ০১-৩০ নভেম্বর ২০২৫ | অধিদপ্তরের কর্মকর্তা/ বিভাগীয় উপপরিচালক, ডিপিইও, সুপারিনটেনডেন্ট, এডিপিইও | প্রাগম |

০২। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে:

ক) গৃহিতব্য কর্মসূচিতে অভিভাবকসহ প্রাথমিক শিক্ষা পরিবারের সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
খ) বিভাগীয় ও জেলা টাস্কফোর্স কমিটি এবং উপজেলা এডহক কমিটির সভাপতি ও সদস্যগণকে কর্মসূচিতে সম্পৃক্ত করতে হবে;
গ) শিক্ষার্থীদের মান উন্নীতকরণের কার্যকম ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে; এবং
ঘ) বিদ্যালয় পর্যায়ে এ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত কর্মপরিকল্পনা মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিখন অগ্রগতি যাচাই ও শিখন অবস্থান উন্নীতকরণে প্রণীত টুলস, রেকর্ড ফরম ও নির্দেশিকা অনুসরণ এবং ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১. বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে (প্রথম থেকে পঞ্চম শ্রেণির) এসেসমেন্ট টুলস, রেকর্ড ফরম ও নির্দেশিকা প্রতিটি ০৭ (সাত) প্রস্থ।
২. করণীয় নির্দেশিকা।

মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি
পরিচালক (পলিসি এন্ড অপারেশন)
ফোন: ০২-৫৫০৭৪৯১৮
E-mail: dirpolicydpe@gmail.com